

Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 26 April, 2025

'প্রাণীস্বাস্থ্য রক্ষায় প্রয়োজন সম্মিলিত প্রয়াস' এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) উদযাপিত হয়েছে বিশ্ব ভেটেরিনারি দিবস - ২০২৫।

শনিবার (২৬ এপ্রিল) সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ে এ উপলক্ষে বর্ণাঢ্য এক র্যালির আয়োজন করে ভেটেরিনারি অনুষদ।

র্যালিটি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন চত্বর থেকে শুরু হয়ে উপাচার্যের বাসভবন, কে.আর মার্কেট, ভেটেরিনারি অনুষদ ঘুরে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে গিয়ে শেষ হয়। র্যালিতে ভেটেরিনারি অনুষদের প্রায় তিন শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। র্যালি শুরুর আগে ভেটেরিনারি অনুষদের দুই নং ভবনের সামনে দিবসটি উপলক্ষে কেক কাটা হয় এবং বেলুন উড়ানো হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন বাকুবির ভেটেরিনারি অনুষদের ডিন ও বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. মো. বাহানুর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাকুবির বিশ্ব ভেটেরিনারি দিবস ২০২৫ উদযাপন কমিটির চেয়ারম্যান ও প্যাথলজি বিভাগের অধ্যাপক ড. মো. আবু হাদী নূর আলী খান এবং সঞ্চালনা করেছেন উদযাপন কমিটির সদস্য সচিব ও বাকুবির মাইক্রোবায়োলজি এন্ড হাইজিন বিভাগের প্রধান অধ্যাপক ড. কে.এইচ.এম. নাজমুল হুসাইন নাজির। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্যাথলজি বিভাগের অধ্যাপক ড. মো. মকবুল হোসেন। এছাড়া আরও উপস্থিত ছিলেন বাকুবির ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড.

মো. শহীদুল হক, প্রক্টর অধ্যাপক ড. মো. আবদুল আলীম, কৃষি অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মাসুম আহমাদ, প্যারাসাইটোলজি বিভাগের অধ্যাপক ও বাকুবি প্রেসক্লাবের প্রধান উপদেষ্টা ড. মো. সহিদুজ্জামান, বাকুবির নিরাপত্তা কাউন্সিল পরিচালক অধ্যাপক ড. মো. আরিফুল ইসলাম, ময়মনসিংহ বিভাগীয় প্রাণিসম্পদ অফিসের পরিচালক ডা. মনোরঞ্জন ধরসহ অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা সারাদেশে একক ভেটেরিনারি ডিগ্রি চালু করার গুরুত্বারোপ করেন।

ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. বাহানুর রহমান বলেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদ দেশের প্রাণিসম্পদ উন্নয়নে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। আমাদের গবেষণা, শিক্ষা ও সম্প্রসারণমূলক কার্যক্রমের মাধ্যমে আমরা পশুস্বাস্থ্য, জনস্বাস্থ্য এবং নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য উচ্চমানের ভেটেরিনারি পেশাজীবী তৈরি করছি। কোভিড-১৯ মহামারির সময় এবং পরবর্তীকালে ওয়ান হেলথ ধারণা বাস্তবায়নে ভেটেরিনারিয়ানদের ভূমিকা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে।

তিনি আরো বলেন, বাংলাদেশে প্রতি বছর নানা ধরনের সংক্রামক ও অসংক্রামক রোগ পশুসম্পদ খাতকে হুমকির মুখে ফেলছে। এসব রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে ভেটেরিনারিয়ানদের যথাযথ ভূমিকা পালন অত্যন্ত গুরুত্বপূর্ণ। একইসাথে খাদ্যে ভেজাল, অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স এবং জুনোটিক রোগ প্রতিরোধে জনসচেতনতা তৈরিতে ভেটেরিনারি পেশার ভূমিকা অপরিসীম।

Generated on 27 June, 2025 03:00

URL: <https://www.timestodaybd.com/public/campus/1474775807>